23

দৈনিক বাংলা

তারিখ ..01 NOV..1996..
পৃষ্ঠা: ৫ কলাম ৪

## জনমত

### ছাত্র রাজনীতি বন্ধে প্রেসিডেন্টের আহ্বান

মহামান্য প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ জাতীয় স্বার্থে প্রয়োজনে ছাত্র রাজনীতি সাময়িকভাবে বন্ধ রাখার অভিমত ব্যক্ত করেছেন। তাঁর এই অভিমত অত্যন্ত সময়োপযোগী। দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে সকল শ্রেণীর জনগণ এই আহ্বানে ইতিবাচক সাড়া দেবেন—এটাই আমাদের প্রত্যাশা। বাংলাদেশ একটি অতি দরিদ্র দেশ। এ দেশের প্রায় ৮০% লোক দারিদ্র্য সীমার নিচে বাস করে। অনেক কষ্টে তারা দিন কাটায়।

এ অবস্থায়ও তারা ছেলেমেয়েদের স্কুল-কলেজ-ইউনিভার্সিটিতে পাঠায়। তাদের লেখাপড়ার খরচ যোগাতে প্রয়োজনে গহনাপত্র এমন কি ঘরবাড়ি বিক্রি করতেও পিছপা হয় না অনেক মা-বাবা। তাদের আশা এই যে, ছেলেমেয়েরা লেখাপড়া শিখে মানুষের মত মানুষ হবে। মা-বাবার দুঃখ ঘোচাবে। দেশের উন্নতি ও অগ্রগতিতে যথাসাধ্য ভূমিকা রাখবে। কিন্তু দুঃখজনক হলেও সত্যি যে, স্কুলের গন্ডি পার হয়ে কলেজ-ইউনিভার্সিটিতে প্রবেশ করেই অধিকাংশ ছাত্রই আদর্শ বিচ্যুত হয়ে, তথাকথিত ছাত্র রাজনীতিতে জড়িত হয়ে পড়ে। তারা ভুলে যায় তখন নিজেদের মৌলিক বিষয় লেখাপড়ার কথা। দরিদ্র মা-বাবা ও ভাইবোনদের প্রত্যাশার কথা। অধ্যয়নই তপস্যা ছাত্র জীবনের এই নীতি হয় বিসর্জিত। পরীক্ষার ফলাফলে তখন ঘটে বিপর্যয়। অসহায় মা-বাবা চোখে দেখেন অন্ধকার। নিরাশ হন আত্মীয়পরিজন।

বলার অপেক্ষা রাখে না, বিদ্যা অর্জনই যদি হয় ছাত্রদের মুখ্য উদ্দেশ্য, তবে ছাত্র রাজনীতি অবশ্যই এর প্রধান অন্তরায়। কারণ অন্যান্য বিষয় বাদ দিলেও লেখাপড়া ছেড়ে মিটিং-মিছিলে অংশগ্রহণ, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখায় অবদান, সেশন জটে সহায়তা দান, শিক্ষাঙ্গনে সন্ত্রাস ইত্যাদি সবকিছুর মূলেই ছাত্র রাজনীতি। আমাদের জানা মতে ঢাকা মহানগরীর মুষ্টিমেয় যে কয়েকটি কলেজে ছাত্র রাজনীতি নেই, সেখানে নিয়মিত ক্লাস হয়। লেখাপড়া হয় আশানুরূপ। ফলাফলও হয় অনেক ভাল। তাই এই বিষয়ে কোন সন্দেহ থাকা উচিত নয় যে, ছাত্র রাজনীতিই সুষ্ঠু লেখাপড়ার অন্যতম প্রধান অন্তরায়।

ইতিমধ্যে ছাত্র রাজনীতি-বন্ধের পক্ষে ও বিপক্ষে অনেক মতামত এসেছে। যে কোন বিচেনায় ছাত্র রাজনীতি সাময়িকভাবে বন্ধ রাখার পক্ষে যে গরিষ্ঠ অভিমত বর্তমান-গত কয়েকদিনের পত্রপত্রিকাগুলোই তার প্রমাণ। সাধারণ ছাত্রছাত্রীদের অভিমত ও ছাত্র রাজনীতি বন্ধের পক্ষে।

অতএব, উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে মাহামান্য প্রেসিডেন্টের আহ্বানে সাড়া দিয়ে, সাময়িকভাবে, ছাত্র রাজনীতি বন্ধ রাখার পক্ষে ঐকমত্যে পৌঁছার ক্ষেত্র তৈরির ব্যাপারে যথাযথ ভূমিকা রাখার জন্য সদাশয় সরকার এবং সকল রাজনৈতিক দলের নেতৃবৃন্দের প্রতি আবেদন জানাচ্ছি।

মোঃ হানিফ
৪০৫ উত্তর শাহজাহানপুর
ঢাকা-১২১৭